# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ ১০ জিলহজ্জের আমলসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

কঙ্কর নিক্ষেপের পদ্ধতি

তালবিয়া পড়ে পড়ে জামারাতের দিকে এগোবেন। মিনার দিক থেকে তৃতীয় ও মক্কার দিক থেকে প্রথম জামরায়- যাকে জামরাতুল আকাবা বা জামরাতুল কুবরা (বড় জামরা) বলা হয়-৭ টি কঙ্কর নিক্ষেপ করবেন। কাবা ঘর বাঁ দিকে ও মিনা ডান দিকে রেখে দাঁড়াবেন। আল্লাহ আকবার (الله أكبر) বলে প্রতিটি কঙ্কর ভিন্ন ভিন্নভাবে নিক্ষেপ করবেন। খুশুখুজুর সাথে কঙ্কর নিক্ষেপ করবেন। কঙ্কর নিক্ষেপ আল্লাহর একটি শাআয়ের বা নিদর্শনসমূহের অন্যতম। কালামে পাকে এসেছে,

وَمَنْ يُعَظِّمْ شَعَائِرَ اللَّهِ فَإِنَّهَا مِنْ تَقْوَى الْقُلُوبِ

-এবং কেউ আল্লাহর নিদর্শনাবলীকে তাজিম করলে তার হৃদয়ের তাকওয়ার কারণেই তা করে থাকে।’[1] হাদিসে এসেছে, ‘বায়তুল্লাহর তাওয়াফ, সাফা মারওয়ার সাঈ ও জামারাতে কঙ্কর নিক্ষেপ আল্লাহর জিকির কায়েমের উদ্দেশ্যে।[2] সে হিসেবে কঙ্কর নিক্ষেপের সময় ধীরস্থিরতা বজায় রাখা জরুরি, যাতে আল্লাহর নিদর্শনের অসম্মান না হয়। রাগ-রোষ নিয়ে জুতো কিংবা বড় পাথর নিক্ষেপ করা কখনো উচিৎ নয়। জামারাতে শয়তান বাঁধা আছে বলে যে কেউ কেউ ধারণা করেন তা ঠিক নয়।

## ফুটনোট

[1] - সূরা আল হাজ্জ : ৩২

[2] – إنما جعل الطواف بالبيت وبين الصفا والمروة ورمي الجمار لإقامة ذكر الله (আবু দাউদ : হাদিস নং ১৬১২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3523

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন